সংবাদ

তারিখ 08 JAN 2016
পৃষ্ঠা ১ কলাম ৫

টাইমস্কেল সিলেকশন গ্রেড ও বৈষম্য

# ক্লাস বন্ধ হলে শিক্ষকরা দায় নেবে না

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

বিশ্ববিদ্যালয় শিক্ষকদের জন্য অষ্টম জাতীয় বেতন কাঠামোতে অর্থমন্ত্রী প্রদত্ত প্রতিশ্রুতি পূরণ ও অন্যান্য অসঙ্গতি দূরীকরণের দাবিতে কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি পালন করেছেন শিক্ষকরা। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় বটতলায় বেলা ১১টা থেকে ১টা পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন একযোগে সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ে এ কর্মসূচি পালন করে। এ সময় তারা বেতন কাঠামোতে বৈষম্যের জন্য কিছু আমলাকে দায়ী করেন ও তাদের বিচার দাবি করেন। একই সাথে শিক্ষকদের সম্পর্কে সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তব্যের প্রতিফলন দাবি করেছেন শিক্ষকরা। আগামী ১১ জানুয়ারির মধ্যে সম্মানজনক সমাধান চেয়েছেন তারা। অন্যথায় পূর্বের ঘোষিত ১১ জানুয়ারি থেকে লাগাতার কর্মবিরতি অব্যাহত থাকবে বলে জানিয়েছেন ফেডারেশনের সহ-সভাপতি অধ্যাপক এমদাদুল হক। আর তেমন পরিস্থিতি সৃষ্টি হলে বিশ্ববিদ্যালয়ে ক্লাস বন্ধ রাখার দায় শিক্ষকরা নেবে না বলেও মন্তব্য করেন তিনি।

## আমলাদের বিরুদ্ধে আন্দোলনের হুমকি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. জিয়া রহমান বলেন, কয়েকজন আমলা নতুন এ পে-স্কেলকে ধূলিস্যাৎ করে দিয়েছে। আমরা অনেক দিন ধরে শান্তিপূর্ণ প্রতিবাদ করে আসছি। তিনি বলেন, আমরা কুচক্রীমহল ও কর্মকর্তা যারা পে-স্কেলকে নস্যাৎ করেছে তাদের বিচার চাই। জাতির বিবেককে এভাবে অপমান করার অধিকার আমরা তাদের হাতে দেইনি।

ফেডারেশনের মহাসচিব অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামাল বলেন, আমরা দুষ্কৃতকারীদের বিচার দাবি করছি। পরবর্তী আন্দোলন করতে হলে আমলাদের বিরুদ্ধেই করা হবে বলে হুঁশিয়ার উচ্চারণ করেন তিনি।

অধ্যাপক গোলাম রাব্বানী বলেন, এটা রাজনৈতিক আন্দোলন নয়। যতদিন পর্যন্ত এ দাবি আদায় না হবে ততদিন মাঠে থাকব। শুধু সম্মানের দাবি নয়, যারা আমাদের সম্মানহানী করার চেষ্টা করছে তাদের বিচার চাই।

অধ্যাপক নাজমা শাহীন বলেন, আমরা কারো সাথে নিজেদের তুলনা করিনি। কিন্তু বেতন কাঠামোতে আমাদের প্রতি যে বৈষম্য তৈরি করা হয়েছে তার প্রতিবাদ করছি।

ফেডারেশনের সহ-সভাপতি অধ্যাপক এমদাদুল হক বলেন, আমাদের দাবি খুবই ক্লাস : পৃষ্ঠা : ১৫ ক : ৬

ক্লাস : বন্ধ

(১ম পৃষ্ঠার পর)

সীমিত ও সুনির্দিষ্ট। একবার অগ্রগতি হয় আবার পিছিয়ে যায়। এর তীব্র নিন্দা জানাই। শিক্ষকদের সম্পর্কে সম্প্রতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার বক্তব্যের প্রতিফলন দাবি করেছেন এ অধ্যাপক।

বটতলায় কর্মবিরতি ও অবস্থান কর্মসূচিতে ফেডারেশনের সহ-সভাপতি অধ্যাপক এমদাদুল হকের সভাপতিত্বে ও মহাসচিব অধ্যাপক ড. এএসএম মাকসুদ কামালের পরিচালনায় আরও বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজয় একাত্তর হলের প্রভোস্ট অধ্যাপক ড. এজেএম শফিউল আলম ভূইয়া, পরিসংখ্যান বিভাগের অধ্যাপক ড. লুৎফর রহমান, মুক্তিযোদ্ধা জিয়াউর রহমান হলের সাবেক প্রভোস্ট আবম ফারুক, অধ্যাপক নিজামুল হক ভূইয়া, অধ্যাপক আখতারুজ্জামান প্রমুখ।